

মঞ্জুরি নং-৫৭

১৫৯ - সেতু বিভাগ

মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০২৬-২৭	প্রক্ষেপণ	
		২০২৭-২৮	২০২৮-২৯
পরিচালন ব্যয়	১০,০২,০০	১০,৭২,০০	১১,৪৭,০০
উন্নয়ন ব্যয়	২৮৯৮,৪১,০০	৩৬৩৬,৩০,০০	৩৮৯০,৮৪,০০
মোট	২৯০৮,৪৩,০০	৩৬৪৭,০২,০০	৩৯০২,৩১,০০
আবর্তক	১০৩,৬৬,১৫	৮৪,৮০,৫১	৬৮,১৫,০০
মূলধন	২৮০৪,৭৬,৮৫	৩৫৬২,২১,৪৯	৩৮৩৪,১৬,০০
আর্থিক সম্পদ	০	০	০
দায়	০	০	০
মোট	২৯০৮,৪৩,০০	৩৬৪৭,০২,০০	৩৯০২,৩১,০০

১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

১.১ মিশন স্টেটমেন্ট

বৃহৎ সেতু ও অন্যান্য অবকাঠামো নির্মাণ ও রক্ষণাবেক্ষণ কার্যক্রমের মাধ্যমে সমন্বিত পরিবহন ব্যবস্থা নিশ্চিতকরণপূর্বক দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন।

১.২ প্রধান কার্যাবলি

- ১.২.১ ১৫০০ মিটার ও তদূর্ধ্ব সেতু, টোল রোড, টানেল, ফ্লাইওভার, এক্সপ্রেসওয়ে, দ্বিতল সড়ক, এলিভেটেড এক্সপ্রেসওয়ে, সাবওয়ে, কজওয়ে, লিংক রোড ইত্যাদি পরিকল্পনা, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন;
- ১.২.২ এ সকল সেতু, টানেল ও স্থাপনা ব্যবহারকারী বিভিন্ন শ্রেণির যানবাহনের টোল নির্ধারণ ও আদায়;
- ১.২.৩ এ সকল সেতু, টানেল ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ;
- ১.২.৪ বৃহৎ সেতু এবং অন্যান্য স্থাপনার নির্ধারিত এলাকাসমূহের নিরাপত্তা নিশ্চিত করা;
- ১.২.৫ বৃহৎ সেতু, সাবওয়ে ও টানেল নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা।

২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য	কার্যক্রমসমূহ	বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা
১	২	৩
১. সমন্বিত ও নিরবচ্ছিন্ন পরিবহন ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা	পদ্মা সেতু, কর্ণফুলী টানেল, যমুনা সেতু, মুক্তারপুর সেতু ও সংযোগ সড়কের রক্ষণাবেক্ষণ, নিরাপত্তা ও উন্নয়ন কার্যক্রম	বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
২. পরিবহন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি	<ul style="list-style-type: none"> কচুয়া-বেতাগী-পটুয়াখালী সড়কে পায়রা সেতু নির্মাণ মতলব উত্তর-গজারিয়া সড়কে মেঘনা ধনাগোদা নদীর উপর সেতু নির্মাণ 	বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য	কার্যক্রমসমূহ	বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা
১	২	৩
৩. বড় বড় শহরে যানজট হ্রাসকরণে সহায়তা	<ul style="list-style-type: none"> ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ পঞ্চবাটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্প 	<ul style="list-style-type: none"> বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

৩.০ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন এবং গ্রীন ক্লাইমেট ও জলবায়ু কার্যক্রম সংক্রান্ত তথ্য

৩.১ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন এবং গ্রীন ক্লাইমেট ও জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

৩.১.১ সমন্বিত ও নিরবচ্ছিন্ন পরিবহন ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা

দারিদ্র্য নিরসনের উপর প্রভাব: বৃহৎ সেতু ও অন্যান্য বৃহৎ অবকাঠামো নির্মাণে দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে। এতে তাদের আর্থ-সামাজিক অবস্থার অধিকতর উন্নয়ন ঘটছে, যা দারিদ্র্য নিরসনে সহায়ক ভূমিকা রাখছে। পদ্মা সেতু নির্মাণের মাধ্যমে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সঙ্গে দেশের অন্যান্য অঞ্চল বিশেষ করে উত্তর-মধ্যাঞ্চলের সংযোগ সৃষ্টি হয়েছে। সম্ভাব্যতা সমীক্ষা অনুযায়ী পদ্মা সেতুর ইমপ্যাক্ট জিডিপিতে সার্বিকভাবে প্রবৃদ্ধির হার বৃদ্ধি ১.২০% এবং প্রতি বছর দারিদ্র্য নিরসনের হার ০.৮৪%। তাছাড়া কর্ণফুলী টানেল এবং ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণের ফলে কর্মসংস্থান সৃষ্টি ছাড়াও জিডিপি প্রবৃদ্ধির হার যথাক্রমে ০.১৬৬% এবং ০.২১৭% বৃদ্ধি পাবে, যা প্রত্যক্ষভাবে দারিদ্র্য নিরসনে সহায়তা করবে। সেতু বিভাগের আওতায় পরিচালিত পদ্মা সেতু, কর্ণফুলী টানেল, যমুনা সেতু, মুক্তারপুর সেতু এবং এ সংশ্লিষ্ট স্থাপনাসমূহ ব্যবহারের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠী খুব সহজেই সরকারি সম্পদ ও সেবা প্রাপ্তি, তথ্য প্রযুক্তি প্রাপ্তি, শিক্ষা প্রতিষ্ঠানে অংশগ্রহণের সুযোগ প্রাপ্তিসহ সমাজে ও কর্মক্ষেত্রে তাদের সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতায়ন নিশ্চিত করতে পারছে।

নারী উন্নয়নের উপর প্রভাব: বৃহৎ সেতু ও অন্যান্য বৃহৎ অবকাঠামো বাস্তবায়নের জন্য ভূমি অধিগ্রহণের ফলে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনে নারীরা অগ্রাধিকার পাওয়ার (প্রশিক্ষণ প্রদান, পরিকল্পনা গ্রহণ থেকে বাস্তবায়ন চলাকালীন বিভিন্ন কমিটিতে নারীদের অন্তর্ভুক্তির মাধ্যমে তাদের অধিকার প্রতিষ্ঠা করা প্রভৃতি) ফলে তারা সামাজিক ও আর্থিকভাবে উপকৃত হচ্ছেন। সেতু বিভাগের আওতাধীন প্রকল্পসমূহের বাস্তবায়ন পর্যায়ে নারীর অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করা হয়েছে। এছাড়াও, পদ্মা সেতু, যমুনা সেতু, মুক্তারপুর সেতু এবং কর্ণফুলী টানেলের পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কার্যক্রমে নারীদের অংশগ্রহণ নিশ্চিত করা হচ্ছে। সেতু বিভাগের স্থাপনাসমূহ ব্যবহারের মাধ্যমে নারীরা খুব সহজেই স্বাস্থ্য সেবা প্রাপ্তি, আয়বর্ধক কর্মকাণ্ডে অংশগ্রহণ, সামাজিক ও অর্থনৈতিক বিভিন্ন ফোরামে নারীর অংশগ্রহণ, আইন ও বিচার প্রাপ্তি, শিক্ষার সুযোগ প্রাপ্তিসহ সর্বোপরি নারী অধিকার নিশ্চিত করতে পারছে।

গ্রীন ক্লাইমেট ও জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব: বৃহৎ সেতু ও অন্যান্য বৃহৎ অবকাঠামো নির্মাণের সময় গ্রীন ক্লাইমেট ও জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর গুরুত্ব প্রদান করা হয়। পদ্মা সেতু এলাকার একটি অংশকে ‘পদ্মা সেতু বন্যপ্রাণী অভয়ারণ্য’ হিসেবে ঘোষণা করা হয়েছে। এছাড়া, প্রকল্প বাস্তবায়নের সময় এবং পরবর্তী সময়ে প্রকল্প এলাকায় বৃক্ষরোপণ এবং ল্যান্ডস্কেপিং করা হয়। প্রকল্প চলাকালীন সময়ে পরিবেশ দূষণের পরিমাণ কমানোর লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ নিয়মিত মনিটরিং করা হয়।

বাংলাদেশ জলবায়ু পরিবর্তন কৌশল ও কর্মপরিকল্পনা (বিসিসিএসএপি)-২০০৯ এর আওতাধীন থিমটিক এরিয়া-৩ ‘অবকাঠামো’ এর প্রোগ্রাম ৭-তে নদীশাসন কার্যক্রম রয়েছে। সেতু বিভাগের আওতায় বিভিন্ন সেতু নির্মাণ এবং পরিচালনা ও রক্ষণাবেক্ষণে নদী শাসন কার্যক্রম পরিচালনা করা হয়ে থাকে।

৩.১.২ পরিবহন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি

দারিদ্র্য নিরসনের উপর প্রভাব: সার্বিকভাবে দেশের পল্লী অঞ্চল ও শহর অঞ্চলে বিনিয়োগ ও কর্মসংস্থান বাড়ছে। এর ফলে দেশের অর্থনৈতিক কর্মকাণ্ড বৃদ্ধি পাচ্ছে, দেশের দরিদ্র জনগোষ্ঠীর উৎপাদিত পণ্য বিপণন সহজতর হচ্ছে, ব্যবসা বাণিজ্যের প্রসার ঘটছে। সর্বোপরি দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি হচ্ছে, যা দারিদ্র্য দূরীকরণে এবং জীবনযাত্রার মান উন্নয়নে প্রত্যক্ষ ও

পারোক্ষভাবে সহায়তা করছে। পরিবহন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধির ফলে দুর্ঘটনা হ্রাস পাচ্ছে। মানুষের পারিবারিক জীবন নিরাপদ হচ্ছে। বিশেষতঃ দুর্ঘটনায় পরিবারের উপার্জনক্ষম ব্যক্তি মারা গেলে সে পরিবার আকস্মিক দারিদ্র্যের শিকার হয়। নিরাপদ সড়ক নিশ্চিত হওয়ায় দুর্ঘটনা হ্রাস পাচ্ছে, ফলে দারিদ্র্য হ্রাস পাচ্ছে।

নারী উন্নয়নের উপর প্রভাব: সেতু বিভাগের স্থাপনাসমূহ ব্যবহারের মাধ্যমে গ্রামের নারীদের উৎপাদিত পণ্য বিপণন ও বাজারজাতকরণ সহজতর হয়। পরিবহন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধির ফলে নারীদের চলাচল নিরাপদ, সহজতর ও দ্রুততর হওয়ায় নারীদের ব্যবসা-বাণিজ্যসহ বিভিন্ন কর্মকাণ্ডে অংশগ্রহণ বৃদ্ধি পাচ্ছে।

গ্রীন ক্লাইমেট ও জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব: বৃহৎ সেতু ও অন্যান্য বৃহৎ অবকাঠামো নির্মাণ ও রক্ষণাবেক্ষনের মাধ্যমে পরিবহন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি পাওয়ায় যেমন যাতায়াত ও পণ্য পরিবহন দ্রুত এবং সহজতর হচ্ছে, তেমনি পূর্বের তুলনায় জলাণির ব্যবহারও হ্রাস পাচ্ছে। ফলে পরিবেশ দূষণ হ্রাস পাচ্ছে এবং জলবায়ুর অভিযোজনে সহায়ক হচ্ছে।

৩.১.৩ বড় বড় শহরে যানজট হ্রাসকরণে সহায়তা

দারিদ্র্য নিরসনের উপর প্রভাব: ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে ঢাকা মহানগরীর যানজট নিরসনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এছাড়া, ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ, পঞ্চবাটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ প্রকল্পের কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। যা সমাপ্ত হলে শহরের জীবন যাত্রায় ভিন্ন মাত্রা যোগ হবে এবং পরিবেশের উন্নয়ন হবে। এতে নগরবাসীর কর্মঘণ্টা সাশ্রয় হবে। সাশ্রয়কৃত কর্মঘণ্টা দেশের আর্থসামাজিক উন্নয়নে ব্যবহার করা যাবে। এতে দারিদ্র্য বিমোচনে ইতিবাচক প্রভাব ফেলবে।

নারী উন্নয়নের উপর প্রভাব: নারীরা সহজে ও নিরাপদে কর্মক্ষেত্রে ও প্রত্যাশিত স্থানে দ্রুততম সময়ের মধ্যে যাতায়াত করতে পারছে। এছাড়া, সেতু বিভাগের স্থাপনাসমূহ ব্যবহারের মাধ্যমে নারীরা তাদের অর্থনৈতিক কর্মকাণ্ডে দক্ষতার সাথে অংশগ্রহণ করতে পারছে।

গ্রীন ক্লাইমেট ও জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব: বড় বড় শহরে যানজট হ্রাসকরণের লক্ষ্যে বৃহৎ অবকাঠামো নির্মাণের সময় পরিবেশের উপর বিশেষ গুরুত্ব প্রদান করা হয়। বিশেষত সেসব প্রকল্প এলাকার ধুলোবালি দূরকরণের জন্য নিয়মিত পানি ছিটানো হয়। এছাড়া, প্রকল্প বাস্তবায়নের সময় এবং পরবর্তী সময়ে প্রকল্প এলাকায় বৃক্ষরোপণ এবং ল্যান্ডস্কেপিং করা হয় যা সবুজায়ন নিশ্চিতকরণে সহায়তা করে।

৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০২৬-২৭	প্রক্ষেপণ	
		২০২৭-২৮	২০২৮-২৯
দারিদ্র্য নিরসন	২৫৮৪,৫৪,৮০	৩৫৯৩,২২,০০	৩৫৯৩,২২,০০
নারী উন্নয়ন	৮৮৯,৪৯,৯৪	৮৮৯,৭৬,৪৭	৮৮৯,৭৬,৪৭

৪.১ অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ	সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য
<p>১. নির্বাচনী ইশতেহারভুক্ত এবং মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত সেতু/এলিভেটেড এক্সপ্রেসওয়ে বাস্তবায়নের উদ্যোগ</p> <p>বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারে উল্লিখিত বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ সংশ্লিষ্ট-২য় যমুনা সেতু ও পাটুরিয়া-দৌলতদিয়া ২য় পদ্মা সেতু নির্মাণের লক্ষ্যে সম্ভাব্যতা সমীক্ষার পরামর্শক নিয়োগ করা হয়েছে। এছাড়া, ঢাকা-চট্টগ্রাম এক্সপ্রেসওয়ে নির্মাণের লক্ষ্যে সম্ভাব্যতা সমীক্ষার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর নির্বাচনী প্রতিশ্রুত ভোলা বরিশাল সেতু পিপিপি ভিত্তিতে নির্মাণের লক্ষ্যে CCEA-এর সভায় নীতিগতভাবে অনুমোদিত হয়েছে।</p>	<ul style="list-style-type: none"> সমন্বিত ও নিরবচ্ছিন্ন পরিবহন ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা
<p>২. বৃহৎ সেতু, টানেল ও অন্যান্য অবকাঠামো নির্মাণ ও সম্প্রসারণ</p> <p>বৃহৎ সেতু ও অন্যান্য অবকাঠামো নির্মাণ ও সম্প্রসারণের অংশ হিসেবে সড়ক</p>	<ul style="list-style-type: none"> সমন্বিত ও নিরবচ্ছিন্ন পরিবহন ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা

অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ	সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য
<p>যোগাযোগ নেটওয়ার্ক উন্নয়নে পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ উপজেলার কচুয়া-বেতাগী সড়কে পায়রা নদীর উপর ১.৬৯ কি.মি. দীর্ঘ সেতু এবং মতলব উত্তর-গজারিয়া সড়কে মেঘনা-ধনাগোদা নদীর উপর ১.৮৫ কি.মি. দীর্ঘ সেতু বাস্তবায়নধীন রয়েছে। এছাড়া, ভুলতা-আড়াইহাজার-বাঞ্ছারামপুর সড়কে মেঘনা নদীর উপর সেতু, শরীয়তপুর-চাঁদপুর সড়কে মেঘনা নদীর উপর সেতু, বরিশাল-ভোলা সড়কে কালাব্দর ও তেঁতুলিয়া নদীর উপর সেতু এবং ধলেশ্বরী নদীর উপর ২য় মুক্তারপুর সেতু নির্মাণের লক্ষ্যে কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।</p>	
<p>৩. এলিভেটেড এক্সপ্রেসওয়ে/দোতলা রাস্তা ও সংশ্লিষ্ট অবকাঠামো নির্মাণ</p> <p>হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর হতে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের কুতুবখালী পর্যন্ত পিপিপি'র আওতায় র‍্যাম্পসহ মোট ৪৬.৭৩ কি.মি. দীর্ঘ এলিভেটেড এক্সপ্রেসওয়ে, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে আশুলিয়া হয়ে ইপিজেড পর্যন্ত ২৪ কি.মি. দীর্ঘ ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে, পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত ৯.০৬ কি.মি. দোতলা রাস্তা নির্মাণ এর কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া, ৩৯.২৪ কিলোমিটার দীর্ঘ ঢাকা-ইস্ট ওয়েস্ট এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি ভিত্তিতে নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।</p>	<ul style="list-style-type: none"> শহরায়ণে যানজট হ্রাসকরণে সহায়তা
<p>৪. সেতু, টানেল ও এলিভেটেড এক্সপ্রেসওয়ে ও অন্যান্য স্থাপনাসমূহ রক্ষণাবেক্ষণ, মেয়ামত ও আধুনিকায়নের মাধ্যমে পরিবহন ব্যবস্থা নিরবচ্ছিন্ন রাখা</p> <p>পদ্মা সেতুর পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও টোল আদায়ের লক্ষ্যে টোল অপারেটরের সঙ্গে ৬৯২ কোটি ৯২ লক্ষ টাকা, যমুনা সেতুর পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও টোল আদায়ের লক্ষ্যে টোল অপারেটরের সঙ্গে ১৭২ কোটি ৬১ লক্ষ টাকা, কর্ণফুলী টানেলের পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও টোল আদায়ের লক্ষ্যে ৯৮৩ কোটি ৮২ লক্ষ টাকা এবং মুক্তারপুর সেতু পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও টোল আদায়ের লক্ষ্যে ২২ কোটি ২৮ লক্ষ টাকা ব্যয়ে সম্পাদিত ৫ বছর মেয়াদি চুক্তি অনুযায়ী কার্যক্রম চলমান আছে।</p>	<ul style="list-style-type: none"> পরিবহন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি
<p>৫. সেতু, টানেল ও এলিভেটেড এক্সপ্রেসওয়ের এপ্রোচ রোড নির্মাণ ও রক্ষণাবেক্ষণ</p> <p>চলমান প্রকল্পসমূহের আওতায় ৩০.১০ কি.মি. সংযোগ সড়ক নির্মাণ/প্রশস্তকরণ এর কার্যক্রম চলমান/প্রক্রিয়াধীন রয়েছে। উল্লেখ্য, পদ্মা সেতুর আওতায় ১২.১১ কি.মি. সংযোগ সড়ক, যমুনা সেতুর আওতায় ৩১.৬৬ কি.মি. সংযোগ সড়ক, কর্ণফুলী টানেলের আওতায় ৫.৩৫ কি.মি. সংযোগ সড়ক এবং মুক্তারপুর সেতুর আওতায় ০.৬৩ কি.মি. সংযোগ সড়ক নির্মাণ করা হয়েছে, যা নিয়মিত রক্ষণাবেক্ষণের মাধ্যমে চলাচল উপযোগী রাখা হচ্ছে।</p>	<ul style="list-style-type: none"> সমন্বিত ও নিরবচ্ছিন্ন পরিবহন ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা
<p>৬. বৃহৎ সেতু ও এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণের লক্ষ্যে ভূমি অধিগ্রহণ এবং ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন</p> <p>সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পের আওতায় ২৯.৭৮ একর ভূমি অধিগ্রহণ সম্পন্ন এবং ৮১৬৩ জনকে ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে। ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের আওতায় ৯৬.৩৫৫১ একর ভূমি অধিগ্রহণ সম্পন্ন এবং ২০৪৭ জনকে ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে। কচুয়া-বেতাগী সড়কে পায়রা নদীর উপর সেতু নির্মাণে ১৮.৫৪১ একর ভূমি এবং পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ প্রকল্পের আওতায় ৪১.১৪২৫ একর ভূমি অধিগ্রহণ সম্পন্ন হয়েছে এবং ৬৮২ জনকে ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে</p>	<ul style="list-style-type: none"> সমন্বিত ও নিরবচ্ছিন্ন পরিবহন ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা

৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৬-২৭ হতে ২০২৮-২৯)

৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০২৫-২৬	সংশোধিত ২০২৫-২৬	বাজেট প্রাক্কলন ২০২৬-২৭	প্রক্ষেপণ	
				২০২৭-২৮	২০২৮-২৯
সচিবালয়	৬০২২,০০,০০	৫৩২৬,২০,১৬	২৯০৮,৪৩,০০	৩৬৪৭,০২,০০	৩৯০২,৩১,০০
সর্বমোট :	৬০২২,০০,০০	৫৩২৬,২০,১৬	২৯০৮,৪৩,০০	৩৬৪৭,০২,০০	৩৯০২,৩১,০০

৪.২.১ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

অর্থনৈতিক গ্রুপ কোড	বিবরণ	বাজেট ২০২৫-২৬	সংশোধিত ২০২৫-২৬	বাজেট প্রাক্কলন ২০২৬-২৭	প্রক্ষেপণ	
					২০২৭-২৮	২০২৮-২৯
	আবর্তক ব্যয়					
৩১১১	নগদ মজুরি ও বেতন	৪,১১,০০	৩,৬৯,০০	৫,৭০,০০	৫,৫৫,০০	৫,৭৪,০০
৩২১১	প্রশাসনিক ব্যয়	৭০,৫০	৮৮,৫০	৮৮,০০	১,০৫,০০	১,১৩,০০
৩২২১	চার্জ ও কমিশন, ফি	৫৫	৫০	১,০০	২,০০	২,০০
৩২৩১	প্রশিক্ষণ	৪৫,০০	৪৫,০০	৪০,০০	৪৫,০০	৫০,০০
৩২৪৩	অয়েল ও লুব্রিকেন্ট, পেট্রোল	১৮,০০	১৮,০০	১৮,০০	২৫,০০	২৯,০০
৩২৪৪	ভ্রমণ ও বদলি	২৪,২০	১১,০০	১৫,০০	২৪,০০	২৯,০০
৩২৫২	চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ	০	০	০	০	০
৩২৫৫	মুদ্রণ ও মনিহারি	২৯,০০	২১,৫০	২৯,০০	৪২,০০	৫৫,০০
৩২৫৬	সাধারণ সরবরাহ ও কীচামাল সামগ্রী	৪,০০	৪,০০	৫,০০	৮,০০	৮,০০
৩২৫৭	সম্মানী ও বিশেষ ব্যয়, পেশাগত সেবা	৩৬,৫৫	২২,০০	৩১,০০	৪৬,০০	৫২,০০
৩২৫৮	মেরামত ও সংরক্ষণ	৭৩,৭০	৬২,০০	৬৮,০০	৮২,০০	৯০,০০
৩৮২৩	আবর্তক স্থানান্তর প্রকল্পের	৬৪১,১৩,০০	১৭২,১০,২৮	৯৪,৯৪,১৫	৭৫,৪৭,৫১	৫৮,১৩,০০
৩৯১১	সংরক্ষিত	২৬,৫০	০	৭,০০	০	০
	আবর্তক ব্যয় - : মোট	৬৪৮,৫২,০০	১৭৮,৫১,৭৮	১০৩,৬৬,১৫	৮৪,৮০,৫১	৬৮,১৫,০০
	মূলধন ব্যয়					
৪১১২	যন্ত্রপাতি ও সরঞ্জামাদি	২,৩৬,০০	১,০৭,৫৬	১,৩০,০০	১,৩৯,০০	১,৪৫,০০
৪১৪১	ভূমি	০	০	০	০	০
৪২১১	প্রকল্প মূলধন ব্যয়	৪৩৩৬,২৮,০০	৪৯৯৬,৬০,৮২	২৪২৫,৩২,৮৫	১৬৬৯,৬৩,০৫	১২৬৬,২১,০০
৪৯১১	সংরক্ষিত	১০৩৪,৮৪,০০	১৫০,০০,০০	৩৭৮,১৪,০০	১৮৯১,১৯,৪৪	২৫৬৬,৫০,০০
	মূলধন ব্যয় - : মোট	৫৩৭৩,৪৮,০০	৫১৪৭,৬৮,৩৮	২৮০৪,৭৬,৮৫	৩৫৬২,২১,৪৯	৩৮৩৪,১৬,০০
	: সর্বমোট	৬০২২,০০,০০	৫৩২৬,২০,১৬	২৯০৮,৪৩,০০	৩৬৪৭,০২,০০	৩৯০২,৩১,০০

৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য	পরিমাপের একক	২০২৪-২৫		২০২৫-২৬		মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
			সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	সংশোধিত লক্ষ্যমাত্রা	২০২৬-২৭	২০২৭-২৮	২০২৮-২৯
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১. সেতু, টানেল, এলিভেটেড নেটওয়ার্ক সম্প্রসারণ	১	সম্প্রসারণ/বৃদ্ধির হার %	২৮.৮৪	৩০.০৫	৪১.৯৫	৪৭.০৫	৫৯.০৫	৭৪.০৫	৭৭.০০
২. সেতু বা টানেল এর সংযোগ সড়ক সম্প্রসারণ ও রক্ষণাবেক্ষণ	৩	সম্প্রসারণ/বৃদ্ধির হার %	১২	১৫.৪৭	৩৭	২০.৬১	২১.৮১	২৩.৮২	২৭.৮৪
৩. নিরাপদ পরিবহন ব্যবস্থার সহজলভ্যতা	২	দুর্ঘটনার সংখ্যা হাসের হার %	১০	৮.১৩	২৫	২২	৩৮	৪৯	৫৭

নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য	পরিমাপের একক	২০২৪-২৫		২০২৫-২৬		মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
			সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	সংশোধিত লক্ষ্যমাত্রা	২০২৬-২৭	২০২৭-২৮	২০২৮-২৯
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
৪. টোল ব্যবস্থাপনার আধুনিকায়ন	২	ETC লেন বাস্তবায়নের হার %	২৫	১৪.২৮	৫০	১৪.২৮	২৮.৫৬	৪২.৮৪	৫৭.১২
৫. যানজট নিরসন	১	পারাপারকারী যানবাহন সংখ্যা বৃদ্ধির হার %	৫০	৬.২৬	৫৮.৪০	১৩	২৫	৩৫	৪২

* ভিত্তি বছর (২০২৩-২৪) এবং সম্প্রসারণ হার ক্রমপঞ্জিত

* সেতু বিভাগের আওতায় সেতু, টানেল ও এলিভেটেড এর দৈর্ঘ্য ২০২৩-২৪ অর্থবছর (ভিত্তি বছর) পর্যন্ত ৪১.৪৩ কিলোমিটার এবং ২০২৪-২৫ পর্যন্ত ৫৩.৮৮ কিলোমিটার বাস্তবায়িত।

* সেতু বিভাগের আওতায় সেতু ও টানেল এর সংযোগ সড়কের দৈর্ঘ্য ২০২৩-২৪ অর্থবছর (ভিত্তি বছর) পর্যন্ত ৪৯.৭৫ কিলোমিটার এবং ২০২৪-২৫ পর্যন্ত ৫৭.৪৫ কিলোমিটার বাস্তবায়িত।

* সেতু বিভাগের আওতাধীন স্থাপনাসমূহে ২০২৩-২৪ অর্থবছর (ভিত্তি বছর) সংঘটিত দুর্ঘটনার সংখ্যা ৪৪৩টি এবং ২০২৪-২৫ অর্থবছরে এ সংখ্যা ৪০৭টি।

* সেতু বিভাগের আওতাধীন স্থাপনাওসমূহে চালুকৃত মোট ETC টোল লেন এর সংখ্যা ২০২৩-২৪ অর্থবছর (ভিত্তি বছর) পর্যন্ত ১৪টি এবং ২০২৪-২৫ পর্যন্ত ১৬টি।

* সেতু বিভাগের আওতাধীন স্থাপনাসমূহ ব্যবহার করে যানবাহন পারাপারকারী সংখ্যা ২০২৩-২৪ অর্থবছর (ভিত্তি বছর) ১,৫৩,৪৯,০০০ টি, ২০২৩-২৪ অর্থবছরে ১,৬৩,১০,৭৮৭টি।

৬.০ অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

৬.১ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

৬.১.১ সাম্প্রতিক অর্জন:

- পদ্মা সেতুতে ১৫ সেপ্টেম্বর ২০২৫ তারিখে Electronic Toll Collection (ETC) সিস্টেমের মাধ্যমে নন-স্টপ (Drive through) ক্যাশলেস টোল আদায় সেবা চালু করা হয়েছে।
- যমুনা সেতুতে বিদ্যমান রেলওয়ে ট্র্যাক অপসারণের মাধ্যমে সেতুর প্রশস্ততা বৃদ্ধির কার্যক্রম এবং প্রাসংগিক অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।
- চীন সরকারের আর্থিক ও কারিগরি সহায়তায় ৬ষ্ঠ বাংলাদেশ-চীন মৈত্রী সেতু সংস্কার কার্যক্রম আনুষ্ঠানিকভাবে শুরু করা হয়েছে। এ সংস্কার কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে।
- সুষ্ঠু যানবাহন ব্যবস্থাপনা, কার্যকর ট্রাফিক নিয়ন্ত্রণ ও সার্বক্ষণিক নজরদারির ফলে মানুষের জন্য পদ্মা ও যমুনা সেতুতে যানজটমুক্ত ও নির্বিঘ্ন ভ্রমণ নিশ্চিত হয়েছে। পবিত্র ঈদ-উল-আযহার সময় ২০২৫ সালের ৫ জুন পদ্মা সেতু দিয়ে সর্বোচ্চ ৫২,৪৮৭টি যানবাহন পারাপার হয়েছে এবং এদিন সর্বোচ্চ ৫ কোটি ৪৩ লক্ষ ২৮ হাজার টাকা টোল আদায় হয়েছে। একই দিনে দেশের দ্বিতীয় বৃহত্তম সেতু যমুনা সেতু দিয়ে সর্বোচ্চ ৬৪,২৮৩ টি যানবাহন পারাপার হয়েছে এবং টোল আদায় হয়েছে সর্বোচ্চ ৪ কোটি ১৮ লক্ষ ১৪ হাজার ৮৫০ টাকা। যা, একদিনে সর্বোচ্চ সংখ্যক যানবাহন পারাপার এবং সর্বোচ্চ টোল আদায়ের এক নতুন মাইলফলক।
- বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের প্রধান কার্যালয় সেতু ভবনের ছাদে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক ইতোমধ্যে ২০ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন সোলার প্যানেল স্থাপন করা হয়েছে।
- অগ্নিকাণ্ডে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত সেতু ভবন মেরামত/পুনর্নির্মাণ কাজ সমাপ্তির পথে রয়েছে।

৬.১.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

কার্যক্রম	ফলাফল নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক	পরিমাপের একক	২০২৪-২৫		২০২৫-২৬		মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
				সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	সংশোধিত লক্ষ্যমাত্রা	২০২৬-২৭	২০২৭-২৮	২০২৮-২৯
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১. পদ্মা সেতু, কর্ণফুলী টানেল, যমুনা সেতু, মুক্তারপুর সেতু ও সংযোগ সড়কের রক্ষণাবেক্ষণ, নিরাপত্তা ও উন্নয়ন	যানবাহন চলাচল উপযোগী সেতু/ টানেল	১	পারাপারকারী যানবাহন সংখ্যা (লক্ষ)	২১০.০৬	২০৮.৯৮	২০৫.২৭	২০৮.৪৪	২২১.৮২	২৩৭.৪৬	২৪৯.৩৬
২. ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ	এক্সপ্রেসওয়ের সমাপ্ত অংশ	৩	কি.মি. সমতুল্য (ক্রমপূঞ্জিত)	১৩.২	৬	১৯.২০	১৩.০০	১৮.০০	২৪.০০	
৩. সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্প	প্রকল্পের ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন কার্যক্রম	৩	% (ক্রমপূঞ্জিত অগ্রগতি)	৯৮	৯৭.৯০	১০০	৯৮.৯৫	১০০	-	-
৪. কচুয়া-বেতাগী-পটুয়াখালী সড়কে পায়রা সেতু নির্মাণ	সেতুর সমাপ্ত অংশ	২	কি.মি. সমতুল্য (ক্রমপূঞ্জিত)	০.৭০	০.১০	১.০০	০.৩০	১.৬৯		
৫. পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ	সমাপ্ত অংশ	২	কি.মি. সমতুল্য (ক্রমপূঞ্জিত)	১৪.১১	১৪.১৫	১৯.৮৭	১৮.৮৮	১৯.৮৭		
৬. মতলব উত্তর-গজারিয়া সড়ক মেঘনা ধনাপোতা নদীর উপর সেতু নির্মাণ	সমাপ্ত অংশ	২	কি.মি. সমতুল্য (ক্রমপূঞ্জিত)	-	-	-	-	-	.৫০	১

৬.১.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	প্রকৃত ২০২৪-২৫	বাজেট		মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন		
			২০২৫-২৬	সংশোধিত বাজেট	২০২৬-২৭	২০২৭-২৮	২০২৮-২৯
১	২	৩	৪	৫	৬	৭	৮
পরিচালন কার্যক্রম							
সাধারণ কার্যক্রম							
১৫৯০১০১ - সচিবালয়		৩,২১,৮৬	৯,৭৫,০০	৭,৩২,৩০	১০,০২,০০	১০,৭২,০০	১১,৪৭,০০
মোট : সাধারণ কার্যক্রম		৩,২১,৮৬	৯,৭৫,০০	৭,৩২,৩০	১০,০২,০০	১০,৭২,০০	১১,৪৭,০০
মোট : পরিচালন কার্যক্রম		৩,২১,৮৬	৯,৭৫,০০	৭,৩২,৩০	১০,০২,০০	১০,৭২,০০	১১,৪৭,০০
উন্নয়ন কার্যক্রম							
বার্ষিক উন্নয়ন কর্মসূচি							
২২১০০০১৫৯ - সেতু বিভাগের অননুমোদিত প্রকল্পের জন্য সংরক্ষিত	১-৭	০	৬৩৪,৮৪,০০	০	৩০৮,১৪,০০	১৮৮৫,১১,০০	২৫৬৬,৫০,০০
২২৪১০৪৬০০ - সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রজেক্ট (২য় সংশোধিত) (০১/০৭/২০১১ - ৩১/১২/২০২৬) অননুমোদিত	৩	১২৮,১৪,৮৩	১৫৭,৩৪,০০	৫৬,৫৪,৫২	১৬৫,৯৮,০০	০	০
২২৪১১৩৮০০ - * ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ (১ম সংশোধিত) (০১/০৯/২০১৭ - ৩০/০৬/২০২৬) অননুমোদিত	৮	৩৩৩২,০০,০১	৩৩৪১,৮৯,০০	৪৪৭৬,৭৩,০০	১৩৯৮,৩৬,০০	১৪০,০৭,০০	০

অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	প্রকৃত ২০২৪-২৫	বাজেট	সংশোধিত বাজেট	মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন		
			২০২৫-২৬	২০২৬-২৭	২০২৭-২৮	২০২৮-২৯	
১	২	৩	৪	৫	৬	৭	৮
২২৪৩১০৩০০ - কচুয়া-বেতাগী-পটুয়াখালী-লোহালিয়া-কালাইয়া সড়কের ১৭ তম কিলোমিটারে (জেড ৮০৫২) পায়রা নদীর উপর সেতু নির্মাণ (০১/০৩/২০২০ - ৩১/১২/২০২৬) অনুমোদিত	২	২৭,৭০,২৫	১২৫,০০,০০	৮১,৫৫,০০	৩৫৭,০০,০০	২০৯,০০,০০	৩০৪,৫৪,০০
২২৪৩৩০৪০০ - * পঞ্চবাটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ (১ম সংশোধিত) (০১/০১/২০২১ - ৩০/০৬/২০২৬) অনুমোদিত		৩৭১,০৫,০০	৮৩৫,৯৫,০০	৬৮৫,৯৫,০০	১৫১,৫৪,০০	০	০
২২৪৩৭১৯০০ - কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলা সদর হতে করিমগঞ্জ উপজেলার মরিচখালি পর্যন্ত উড়াল সড়ক নির্মাণ (০১/০৩/২০২৩ - ৩০/০৬/২০২৮) অনুমোদিত।	৫	১৫২,৫৪,৭১	২৫৪,১৩,০০	৪৭,৫৮	১,০০	০	০
২২৪৩৮৮৮০০ - মতলব উত্তর-গজারিয়া সড়কে মেঘনা-ধনাগোদা নদীর উপর সেতু নির্মাণ (০১/০১/২০২৪-৩১/১২/২০২৮) অনুমোদিত	৭	৪৪,০০	৬৬৩,১০,০০	১৭,৪৬,০০	৫১৭,৩৮,০০	১৪০২,১২,০০	১০১৯,৮০,০০
মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি		৪০১১,৮৮,৮০	৬০১২,২৫,০০	৫৩১৮,৭১,১০	২৮৯৮,৪১,০০	৩৬৩৬,৩০,০০	৩৮৯০,৮৪,০০
মোট : উন্নয়ন কার্যক্রম		৪০১১,৮৮,৮০	৬০১২,২৫,০০	৫৩১৮,৭১,১০	২৮৯৮,৪১,০০	৩৬৩৬,৩০,০০	৩৮৯০,৮৪,০০
মোট :		৪০১৫,১০,৬৬	৬০২২,০০,০০	৫৩২৬,০৩,৪০	২৯০৮,৪৩,০০	৩৬৪৭,০২,০০	৩৯০২,৩১,০০